

পরিবহন দুর্ঘটনা মোকাবেলা করা

পটভূমি:

পরিবহন দুর্ঘটনা বলতে শহর, হাইওয়ে, এয়ারক্রাফ্ট, রেলপথ এবং পোটোম্যাক এবং অ্যানাকোসটিয়া নদীতে হওয়া দুর্ঘটনাগুলিকে বোঝায়। পরিবহন দুর্ঘটনা খুব মারাত্মক হতে পারে এবং এর ফলে রাস্তা বা রেললাইনে বিলম্ব হতে পারে।

আপনি DC সতর্কতার জন্য <http://.textalert.ema.dc.gov/index.php?CCheck-1>-তে সাইন আপ করার মাধ্যমে বর্তমান পরিবহন সমস্যা এবং জরুরী অবস্থা সম্পর্কে আপ-টু-ডেট থাকতে পারেন। অথবা ডিস্ট্রিক্ট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের ওয়েবসাইট <http://ddot.dc.gov>-এ আপনি ট্রাফিক রিপোর্টগুলি দেখতে পারেন।

পরিবহন সংক্রান্ত পরামর্শ:

- আগ্রাসীভাবে গাড়ী চালাবেন না।
- গাড়ী চালানোর সময় আপনার সেল ফোন ব্যবহার করবেন না (হ্যান্ডস-ফ্রী ছাড়া ডিস্ট্রিক্টে সেলফোন ব্যবহার করা বেআইনি)।
- রাস্তার উপর এবং রাস্তার ট্রাফিক নির্দেশগুলির উপর নজর রাখুন।
- সাবওয়ে প্ল্যাটফর্মে দাঁড়িয়ে থাকার সময় আপনার আশ-পাশ সম্পর্কে সচেতন থাকুন।
- মেট্রো স্টেশনগুলির কোথায় কোথায় আপৎকালীন স্থান আছে তা জেনে রাখুন। প্রতিটি মেট্রোরেলের উভয় প্রান্তেই আপৎকালীন ইন্টারকম আছে।
- মেট্রো ট্রানজিট সিস্টেমের সাথে যুক্ত জরুরী অবস্থায় খালি করার পদ্ধতির সঙ্গে পরিচিত হোন।
- জরুরী অবস্থার সময় যদি মেট্রোরেল বা মেট্রোবাসের মধ্যে থাকেন তাহলে যতক্ষণ না সেটি কোথাও দাঁড়ায় ততক্ষণ অপেক্ষা করুন। যান অপারেটরের নির্দেশিকা শুনুন।
- যদি কেউ আহত হয় তাহলে অবিলম্বে সাহায্য করুন বা 9-1-1-এ কল করুন।
- যদি আহত না হয় তাহলে যাদের সাহায্যে প্রয়োজন তাদেরকে সাহায্য করুন যেমন হুইলচেয়ারে থাকা ব্যক্তি বা ফেরিওয়াল।
- যখন যাত্রীদের সামনে ভয়ানক দুর্ঘটনার সম্ভবনা থাকবে তখনই কেবলমাত্র বাস বা রেলের আপৎকালীন প্রস্থান পথ ব্যবহার করুন।
- মেট্রোরেল থেকে বেরোনোর পর, "তৃতীয় রেল" হাত দেবেন না কারণ এমনকি বিদ্যুৎ বিভ্রাটের মতো অবস্থাতেও ঐ রেলে বিদ্যুৎ চলাচল করতে পারে।
- মার্কিন যুক্তরাষ্ট্রের কোস্ট গার্ড সুপারিশ করে যে বোটে ভ্রমণকারী ব্যক্তিদের নিজেদের কাছে খুব উচ্চ ফ্রিকোয়েন্সির FM (VHF FM) রেডিও রাখা প্রয়োজন।
- আপনি এবং আপনার যাত্রীরা বোটে চড়ার ক্ষেত্রে প্রযোজ্য সমস্ত আইন ও প্রবিধান সম্পর্কে অবগত তা নিশ্চিত করুন।
- মেট্রোপলিটন পুলিশ ডিপার্টমেন্টের হার্বার পেট্রোল ইউনিট দ্বারা প্রদত্ত একটি বোট নিরাপত্তা পাঠ্যক্রমে নাম নথিভুক্ত করুন। কলম্বিয়ার জেলার জলপথের ক্ষেত্রে সকল বোট অপারেটরের কাছে বোট নিরাপত্তা থাকা আবশ্যিক।



ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া সরকার
রচনা:

হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (HSEMA)

সর্বশেষ সংশোধিত: নভেম্বর, 2011

